


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং- ৪৬.৪২.৫০০০.০০০.১৪.১০০.১৫.৫৩৭

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে কুষ্টিয়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ কুষ্টিয়া জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপ/কুষ/১৬/৩২২, তারিখঃ ১/১২/২০১৬।

২০১৬-২০১৭ অর্থ বছরে কুষ্টিয়া জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ২৪,৫৬,০০০/- (চব্বিশ লক্ষ ছাপান্ন হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং ১০৬-১১২ এ বর্ণিত ৭টি প্রশিক্ষণ প্রকল্পের মেয়াদ, প্রশিক্ষণার্থীদের সংখ্যা এবং প্রশিক্ষণ প্রকল্পের প্রাক্কলন/ব্যয় বিবরণীসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৬১ এ বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অধীন ট্রাস্টি বোর্ড' এর অনুমোদন নিয়ে গ্রহণ করা হয়েছে কিনা; না হয়ে থাকলে ট্রাস্টি বোর্ডে এর অনুমোদন নিয়ে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৮৯ এ বর্ণিত প্রকল্পটি ব্যক্তি মালিকানাধীন বিধায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।


(জুবাইদা নসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুষ্টিয়া।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুষ্টিয়া।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।